

# প্রথম আন্দোলন রোববার

১৯ মে ২০২৪, ৫ জ্যৈষ্ঠ ১৪৩১, ১০ জিলকদ ১৪৪৫



## আয়োজন



### নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বারের মতো হয়ে গেল বর্ণিল বৈশাখী মেলা। বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে গত ১১ মে বসেছিল এই মেলা। নর্থ সাউথ ইউনিভার্সিটি সোশ্যাল সার্ভিসেস ক্লাব আয়োজিত এ মেলায় ছিল নানা সাংস্কৃতিক পরিবেশনার জমজমাট আসর। ছিল নাগরদোলা, বায়োস্কোপ। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ প্রায় এক হাজার মানুষ এসব উপভোগ করেন। সোশ্যাল সার্ভিসেস ক্লাবের সদস্য তিথীর্ষা ইকবাল নূর বলেন, মেলায় অন্যতম আকর্ষণ ছিল নানা পণ্যের বাহারি সব স্টল। এসব স্টলের নানা পদের খাবার, বাহারি অলংকার, হাতে তৈরি গয়না, মাটির তৈরি সামগ্রী সবার দৃষ্টি কেড়েছে।